গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
Tel 9144252-3 Fax 9180968, e-Mail info@cptu.gov.bd, Website www.cptu.gov.bd

নং- আইএমইডি/সিপিটিইউ/নীতিনির্ধারণ/২৬২/২০১১-১১৯২ তারিখঃ ২৬/০৭/২০১৫খ্রি:

# পরিপত্র

**বিষয়ঃ কার্য (works) ক্রয়ে Joint Venture Consortium Association (JVCA) অংশীদারগণের Specific Experience ও Turnover নির্ধারণ প্রসঙ্গে।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক Joint Venture Consortium Association (JVCA) প্রতিষ্ঠানের অংশীদার/অংশীদারগণের Specific Experience ও Turnover ইত্যাদি নিরুপন করার সময় দরপত্র/দরপ্রস্তাব মূল্যায়ন কমিটির সদস্যবর্গের বিভিন্ন মত থাকায় দরপত্র/দরপ্রস্তাব মূল্যায়নে সিদ্ধান্তহীনতার কারণে ক্রয় প্রক্রিয়া বিলম্বিত হয়। JVCA গঠনের ক্ষেত্রে কখনও কখনও অংশীদারগণ সুনির্দিষ্ট কাজ/Component বাস্তবায়নের জন্য পার্টনার হন। সে ক্ষেত্রে দরপত্রে তার কাজের অংশ পৃথকভাবে দেখানো থাকে। এরুপ ক্ষেত্রে অংশীদারের কাজের ভিত্তিতে অভিজ্ঞতা নিরুপন করা সহজ। অপরপক্ষে কোন কোন ক্ষেত্রে যৌথ অংশীদারের কাজ পৃথকভাবে দেখানো থাকে না অর্থাৎ অবিভাজ্য এবং অংশীদারগণের কাজের অংশ আলাদাভাবে নিরুপন করাও সম্ভব হয়না। উপরন্তু শুধু আর্থিক সামর্থ বৃদ্ধির জন্য ক্ষেত্র বিশেষে JVCA গঠিত হয়, যেখানে পার্টনার এর বিশেষ অভিজ্ঞতা মুখ্য নয়। এইরূপ ভিন্ন ভিন্ন পরিস্থিতেতে JVCA এর পার্টনারদের Turnover এবং Specification experience নিরূপনে একটি সুনির্দিষ্ট নীতি অনুসরণের উদ্দেশ্যে সিপিটিইউ এ গত ১৫/০৩/২০১৫ ও ২৩/০৩/২০১৫ তারিখে বৃহৎ ক্রয়কারী কর্তৃপক্ষ, বিশ্বব্যাংক ক্রয় বিশেষজ্ঞ, Target agency, ন্যাশনাল ট্রেইনার এবং Bangladesh Association of Construction Industry (BACI) এর প্রতিনিধিদের উপস্থিতিতে সভা অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে নিম্নরূপ মতামত প্রদান করা যাচ্ছেঃ

২। **Specific experience:**

(ক) যৌথ উদ্যোগ (JVCA) সম্পাদিত কাজের Component সমূহ সুনির্দিষ্ট ও বিভাজ্য হলে, Joint Venture Agreement এবং Tender Documentএর JV Partner Information Form এ অংশীদারগণ কার্য ও ভৌত সেবাকার্যক্রমে কি কাজ সম্পাদন করবে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকে। বাস্তবায়ন পর্যায়ে কোন অংশীদার কাজের/ভৌত কাজের যে অংশ সম্পাদন করেছেন এবং যে মূল্যে উক্ত কাজ সম্পন্ন করেছেন তা নিরূপন করে অংশীদারগণকে ক্রয়কারী কর্তৃপক্ষ অভিজ্ঞতার সনদপত্র জারী করবে। তার আলোকে প্রত্যেক অংশীদারের অভিজ্ঞতা নিরুপিত হবে।

(খ) যৌথ উদ্যোগে (JVCA) সম্পাদিত কাজের Component সমূহ অবিভাজ্য হলে, নিম্নরূপভাবে অভিজ্ঞতা নিরুপন করা যেতে পারেঃ

(১) Joint Venture গঠনের সময় Lead partner এর business share কমপক্ষে ৪০% এবং অন্যান্য অংশীদারের চাইতে অবশ্যই বেশী হতে হবে। সে ক্ষেত্রে লীড পার্টনার সম্পাদিত কাজের ১০০% অভিজ্ঞতা পাবেন;

(২) Joint Venture গঠনের সময় other partner এর অভিজ্ঞতা বাধ্যতামূলক না হওয়ায়, other partner সম্পাদিত কাজের অভিজ্ঞতার ক্ষেত্রে business share অনুযায়ী সম্পাদিত কাজের অভিজ্ঞতা পাবেন;

(৩) JVCA এর অংশীদারগণকে JV Partner Information Form এবং JV গঠন সংক্রান্ত চুক্তিতে তাদের business share অবশ্যই উল্লেখ করতে হবে। Other partner এর minimum experience দাখিলের সুযোগ থাকতে হবে।

৩। **Turnover:**

বিভাজ্য এবং অবিভাজ্য উভয় ক্ষেত্রেই JVCA পার্টনারদের JV চুক্তিতে উল্লেখিত Business Share অনুযায়ী টার্ণওভার নিরুপিত হবে।

৪। বর্ণিত অবস্থায় PPR, 2008 এবং CPTU কর্তৃক প্রদত্ত Standard Tender Document (STD) অনুসরণে প্রযোজ্য ক্ষেত্রে কার্য (works) ক্রয়ে Joint Venture Consortium Association (JVCA) এর অংশীদারগণের Specific Experience ও Turnover নির্ধারণ নিশ্চিত করে গণক্রয় প্রক্রিয়া গ্রহণের জন্য সকল ক্রয়কারী কর্তৃপক্ষকে অনুরোধ করা হল।

২৩/০৭/১৫

(মোঃ ফারুক হোসেন)
মহাপরিচালক
ফোন: ৯১৪৪২৫২-৫৩

**বিতরণঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। সিনিয়র সচিব, ...................................................................................মন্ত্রণালয়/বিভাগ।
৩। সচিব/ভারপ্রাপ্ত সচিব, ..................................................................... মন্ত্রণালয়/বিভাগ।
৪। ..........................................................................ক্রয়কারী সংস্থা (সকল)।
৫। সার্কুলার ফাইল/গার্ড ফাইল।